


মাননীয় প্রধানমন্ত্রী গত ২৬ জুন, ২০১৬ তারিখ মেট্রোরেলের নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন।





মাননীয় মন্ত্রী (সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়) ১১ জুন, ২০১৪ তারিখ মেট্রোরেলের ডিপো এলাকার শুভ উদ্বোধন করেন।



মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ৩১ শে অক্টোবর, ২০১৪ তারিখ মেট্রোরেল প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করেন।

## মেট্রোরেল লাইন-৬ এর রুট এলাইনমেন্ট ও স্টেশন




# ম্যাস র‍্যাপিড ট্রানজিট (মেট্রোরেল লাইন-৬) এর কন্ট্র্যাক্ট প্যাকেজ-০৮ এর চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান




ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
www.dmtc.org.bd

## প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | : | ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (DMRTDP) |
| প্রকল্পের উদ্দেশ্য | : | (১) ঢাকা মহানগরীতে দক্ষ ও কার্যকরী দ্রুতগামী পরিবহন ব্যবস্থা চালু করা; (২) সর্বসাধারণের জন্য গণ পরিবহনের সুবিধাদির আধুনিকায়ন; (৩) নগর পরিবহন ব্যবস্থা অধিকতর নিরাপদ ও পরিবেশ বান্ধব করা। |
| প্রকল্প বাস্তবায়নকারী | : | ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (DMTCL) |
| সংস্থা | : | ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (DTCA)। |
| বিভাগ | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। |
| মন্ত্রণালয় | : | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়। |
| প্রকল্প ব্যয় | : | ২১,৯৮৫.০৭ কোটি টাকা |
| অর্থায়ন | : | বাংলাদেশ সরকার (২৫%) ও Japan International Cooperation Agency (JICA) (75%) |
| মেট্রোরেলের দৈর্ঘ্য ও ধরণ | : | ২০.১০ কিলোমিটার, এলিভেটেড |
| রুট এলাইনমেন্ট | : | উত্তরা ৩য় পর্ব-পল্লবী-রোকেয়া সরণীর পশ্চিম পার্শ্ব দিয়ে খামারবাড়ী হয়ে ফার্মগেট-হোটেল সোনারগাঁও-শাহবাগ-টিএসসি-দোয়েল চত্বর-তোপখানা রোড-বাংলাদেশ ব্যাংক। |
| স্টেশনের সংখ্যা ও নাম | : | ১৬ টি। |

| | | | |
|---|---|---|---|
| উত্তরা উত্তর | উত্তরা সেন্টার | উত্তরা দক্ষিণ | পল্লবী |
| মিরপুর-১১ | মিরপুর-১০ | কাজীপাড়া | শেওড়াপাড়া |
| আগারগাঁও | বিজয় সরণী | ফার্মগেট | কারওয়ান বাজার |
| শাহবাগ | ঢাকা বিশ্ববিদ্যালয় | বাংলাদেশ সচিবালয় | মতিঝিল |

| | | |
|---|---|---|
| যাত্রী পরিবহন ক্ষমতা | : | প্রতি ঘন্টায় ৬০ হাজার (উভয় দিকে)। |
| যাতায়াতের সময় | : | ৩৮ মিনিট (উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত)। |
| ট্রেনের ফ্রিকোয়েন্সি | : | ৫ মিনিট (দুইটি ট্রেনের মধ্যে সময়ের ব্যবধান)। |



মেট্রোরেল স্টেশন (নকশা)

## প্রকল্প বাস্তবায়নের অবস্থান চিত্র

"ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (DMRTDP) MRT Line-6" টি Fast Track ভুক্ত প্রকল্পসমূহের মধ্যে অন্যতম। প্রকল্পের মেয়াদ জুলাই, ২০১২ থেকে জুন, ২০২৪। প্রকল্পটি Early Commissioning এর জন্য ডিসেম্বর, ২০১৯ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সে মোতাবেক ২০১৯ সনের মধ্যে উত্তরা ৩য় পর্ব হতে আগারগাঁও পর্যন্ত এবং ২০২০ সনের মধ্যে মতিঝিল পর্যন্ত চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সম্পূর্ণ প্রকল্পকে ০৮ (আট) টি Package-এ ভাগ করে বাস্তবায়ন কাজ সম্পন্ন করা হবে। প্যাকেজসমূহের বাস্তবায়ন অগ্রগতির সংক্ষিপ্ত বিবরণী নিম্নরূপঃ

**প্যাকেজ-১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন)ঃ** গত ২৭-০৩-২০১৬ তারিখ Tokyu Construction Co., Ltd.-এর সাথে DMTCL-এর ৫,৬৭০,৬৭৪,৪০৯ (ভ্যাট ট্যাক্সসহ) (পাঁচশত সাতষট্টি কোটি ছয় লক্ষ চুয়াত্তর হাজার চারশত নয় টাকা) টাকায় ক্রয় চুক্তি স্বাক্ষরিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী বিগত ২৬ জুন, ২০১৬ নির্মাণকাজের শুভ উদ্বোধন করেন। উক্ত প্যাকেজের বাস্তব কাজ ০৮-০৯-২০১৬ তারিখ শুরু হয়। ইতোমধ্যে Sand Compaction Pile (SCP), Dynamic Compaction (DC) ও Pre-fabricated Vertical Drain (PVD)-এর কাজ যথাক্রমে ৭০%, ৬০% ও ১০০% সম্পন্ন হয়েছে। জুলাই, ২০১৭ পর্যন্ত এ প্যাকেজের বাস্তব অগ্রগতি ৫০%।

**প্যাকেজ-২ (ডিপো এলাকার পূর্ত কাজ)ঃ** গত **০৩ মে, ২০১৭** তারিখ ITD-Sinohydro JV-এর সাথে DMTCL এর ১৫৯৫,৫৬,৯৯,২৩০/- (ভ্যাট ট্যাক্সসহ) (এক হাজার পাঁচশত পঁচানব্বই কোটি ছাপ্পান্ন লক্ষ নিরানব্বই হাজার দুইশত ত্রিশ) টাকার ক্রয়চুক্তি স্বাক্ষরিত হয়। ডিপোতে যে সব স্থাপনার কাজ সম্পন্ন করা হবে- ১. স্ট্যাবলিং ইয়ার্ড (বিরতিতে ট্রেন রাখার স্থান), ২. ট্রেন মেরামত ও ওভারহলের মালামালের গুদামঘর, ৩. ট্রেন মেরামত ও ওভারহল স্থান, ৪. প্রধান ওয়ার্কশপ, ৫. অপারেশন কন্ট্রোল সেন্টার, ৬. ট্রেন ইন্সপেকশন, ৭. জেনারেটর এবং ইলেকট্রিক্যাল ভবন, ৮. ট্রেন ওয়াশ স্থাপনা, ৯. ম্যানুয়াল ট্রেন ওয়াশিং, ১০. বহুতল বিশিষ্ট কার পার্কিং, ১১. গ্রিন স্পেস।

**প্যাকেজ-৩ ও ৪ (উত্তরা নর্থ থেকে আগারগাঁও পর্যন্ত ভায়াডাক্ট ও স্টেশন নির্মাণ)ঃ** গত **০৩ মে, ২০১৭** তারিখ Italian-Thai Development Public Company Limited-এর সাথে DMTCL-এর ৪২৩০,৫৫,১৯,৬৫৩/- (ভ্যাট ট্যাক্সসহ) (চার হাজার দুইশত ত্রিশ কোটি পঞ্চান্ন লক্ষ উনিশ হাজার ছয়শত তিপ্পান্ন) টাকার ক্রয়চুক্তি স্বাক্ষরিত হয়। এ প্যাকেজের আওতায় ১১.৭০ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ অন্তর্ভুক্ত রয়েছে।

**প্যাকেজ-৫ ও ৬ (আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত ভায়াডাক্ট ও স্টেশন নির্মাণ)ঃ** গত ১৭-০১-২০১৭ তারিখ PQ আবেদন খোলা হয় এবং ০৬ টি আবেদনপত্র জমা পড়ে। PQ মূল্যায়ন কার্যক্রম ৩০-০৩-২০১৭ তারিখ শেষ হয়। ১৩-০৭-২০১৭ তারিখ Pre-Qualified bidder- দের অনুকূলে দরপত্র আহ্বান করা হয়।

**প্যাকেজ-৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম)ঃ** গত ২৬-০৫-২০১৬ তারিখ Bid আহ্বান করা হয়। গত ৩০-০১-২০১৭ তারিখ দরপত্র খোলা হয় এবং ০১ টি দরপত্র জমা পড়ে। বর্তমানে দরপত্র মূল্যায়ন কার্যক্রম চলমান।

**প্যাকেজ-৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট]ঃ** গত ১৬-০৭-২০১৭ তারিখ অনুষ্ঠিত বোর্ড সভায় উক্ত প্যাকেজের মোট ৪২৫৭,৩৪,৫৫,৪৫৬/- (চার হাজার দুইশত সাতান্ন কোটি চৌত্রিশ লক্ষ পঞ্চান্ন হাজার চারশত ছাপ্পান্ন) টাকার ক্রয়প্রস্তাব অনুমোদিত হয়। উক্ত ক্রয় প্রস্তাবের আওতায় ০৬-০৮-২০১৭ তারিখ Kawasaki-Mitsubishi- এর সাথে DMTCL- এর ক্রয়চুক্তি স্বাক্ষরিত হয়।

## উল্লেখযোগ্য কার্যক্রম ও তারিখসমূহ

- ৩১ অক্টোবর, ২০১৩- মাননীয় প্রধানমন্ত্রী প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।
- ১১ জুন, ২০১৪ মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী প্রকল্পের সার্ভে কাজের শুভ উদ্বোধন করেন।
- ২০ ফেব্রুয়ারি, ২০১৩- জাইকা'র সাথে ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়।
- ০৩ জুন, ২০১৩- Dhaka Mass Transit Company Limited (DMTCL) জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস্-এ নিবন্ধিত হয়।
- ১৯ নভেম্বর, ২০১৩- General Consultant (GC), NKDM Association-এর সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়।
- ২৮ আগস্ট, ২০১৪- Traffic Survey ও Basic Design -এর কাজ শেষ হয়।
- ১০ ডিসেম্বর, ২০১৪- Resettlement Assistant Consultant (RAC) পরামর্শক প্রতিষ্ঠান CCDB'র সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়।
- ২৬ জানুয়ারি, ২০১৫ মেট্রোরেল আইন জাতীয় সংসদে পাশ হয়।
- জুলাই, ২০১৫- Archaeological Survey ও Soil Electric Resistivity Survey -এর কাজ শেষ হয়।
- আগস্ট, ২০১৫- Environmental Baseline Survey-এর কাজ শেষ হয়।
- ডিসেম্বর, ২০১৫-Topographic Survey শেষ হয়।
- জানুয়ারি, ২০১৬- Geotechnical Survey-এর কাজ শেষ হয়।
- ০৭ জানুয়ারি, ২০১৬- ডিপোর জন্য রাজউক থেকে প্রাপ্ত ৫৮.৯১ একর জমির রেজিস্ট্রেশন সম্পন্ন হয়।
- ২৭ মার্চ, ২০১৬-ডিপো এলাকায় ভূমি উন্নয়ন কাজের জন্য Tokyu Construction Co., Ltd- এর সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়।
- ২৬ জুন, ২০১৬--মাননীয় প্রধানমন্ত্রী মেট্রোরেলে নির্মাণকাজের শুভ উদ্বোধন করেন।
- ১০ অক্টোবর, ২০১৬- DMTCL'র Logo অনুমোদিত হয়।
- ০৩ নভেম্বর, ২০১৬- মেট্রোরেল বিধিমালা প্রণীত হয়।



মেট্রোরেল লাইন (ভায়াডাক্ট)